

সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায়: সাওম সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ মাসআলা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন : হতে পারে আজ রমযানের ১লা তারিখ ইহা মনে করে শাবান মাসের শেষ দিন সতর্কতাস্বরূপ সাওম পালনের হুকুম কী?

জওয়াব: সন্দেহের দিন বলতে শা'বান মাসের ৩০ তারিখকে বুঝায়। ঐ দিন সতর্কতা অবলম্বন করে সাওম পালনের হুকুম সম্পর্কে বিশুদ্ধতম মত হলো ঐ দিন সাওম পালন হারাম। আম্মার বিন ইয়াসার রাদিয়াল্লাহু 'আনহু বলেছেন,

«من صام اليوم الذي يشك فيه فقد عصى أبا القاسم صلى الله عليه وسلم»

"যে ব্যক্তি সন্দেহের দিন সাওম পালন করল সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অবাধ্য হলো"।

তাছাড়া সন্দেহের দিন সাওম পালনকারী আল্লাহর দেওয়া সীমা অতিক্রম করল। কেননা আল্লাহ তা আলার সীমা

হলো, কেহ রমযানের চাঁদ না দেখে বা চাঁদ প্রমাণিত না হলে রমযানের সাওম পালন করবে না। তাই তো নবী

সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন.

«لا يتقدمن أحدكم رمضان بصيام يوم أو يومين، إلا رجل كان يصوم صوما فليصمه»

"তোমাদের কেহ যেন রমযান মাসকে এক বা দু'দিন বাড়িয়ে না দেয়। তবে যার অন্য কোনো নিয়মিত সাওম সে

দিনে হয়ে যায়, তার কথা আলাদা"। (রমযানের ১লা তারিখ সন্দেহ করে সাওম পালন করা যাবে না)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11007

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন